দৈনিক সংবাদ

তারিখ ··· ··· DEC 1 6 1999 ···
পৃষ্ঠা ··· ··· কলাম ···

108

## পরীক্ষা নিয়ন্ত্রক মহোদয়, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা সমীপে

বিনীত নিবেদন এই, আমি বিগত ১৯৯৯ ইং সনে ঢাকা বোর্ডের অধীনে অনুষ্ঠিত এসএসসি পরীক্ষায় অংশ গ্রহণ করি এবং সমস্ত পরীক্ষা সমাপন করি। ফলাফলের টেবুলেশন শিটে দেখিতে পাই যে, আমি জীববিজ্ঞান ব্যবহারিক পরীক্ষায় অনুপস্থিত। কিন্তু উক্ত বিষয়ে দুইজন পরীক্ষক (বহিঃ ও অভ্যন্তরীণ) আমাকে ২৩ (তেইশ) নম্বর প্রদান করিয়া যৌথ স্বাক্ষরযুক্ত একটি নম্বরপত্র কেন্দ্র সচিবের নিকট দাখিল করেন। পরবর্তীতে নির্দিষ্ট সময়ের মধ্যে কেন্দ্র সচিব মহোদয় কেন্দ্রের সীল ও স্বাক্ষর প্রদান করিয়া পরীক্ষা নিয়ন্ত্রক মহোদয়ের বরাবরে প্রেরণ করেন।

পরীক্ষার ফলাফলের পর পরই আমার বিদ্যালয়ের প্রধান শিক্ষক মহোদয়ের সাহায্য-সহযোগিতা নিয়া কেন্দ্র সচিবের নিকট হইতে উপস্থিতির প্রমাণপত্র সংগ্রহ করিয়া পরীক্ষা নিয়ন্ত্রক মহোদয় বরাবরে দরখাস্ত দাখিল করি ও কয়েকদিন পর পরই এতদূর হইতেও বোর্ডে গিয়া ইহার খোঁজখবর লই। শেষ পর্যন্ত জানিতে পারিলাম, যে, ইহা নাকি কম্পিউটার সেন্টারের কাজ। ভুল হইয়া থাকিলেও কম্পিউটার সেন্টারেই ভুল হইয়াছে। ২০০০ সালে অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষার প্রিন্ট আউট কপিতে আমাকে জীববিজ্ঞানে ফেল দেখানো হইয়াছে। জীববিজ্ঞান ব্যবঃসহ সর্বমোট ৫৮৩ (পাঁচশত তিরাশি) নম্বর পাইয়াও বোর্ডের ভুলের কারণে আমি ফেল করিব, ইহা অত্যন্ত পরিতাপের বিষয়।

অতএব মহোদয় সমীপে বিনীত প্রার্থনা যে, আমার ফলাফল তদন্ত সাপেক্ষে জরুরিভিত্তিতে সংশোধন করিতে মর্জি ফরমাইবেন।

আলাল উদ্দিন খান
পিতা ঃ মোঃ আবুল হাশিম খান
পরীক্ষা কেন্দ্র ঃ পূর্বধলা
কেন্দ্র কোড ঃ ৩৯৭
রোল নং- ১৬৭৩৪৪
রেজিঃ নং- ৫৬১৯৫৬
সেসন ঃ ১৯৯৬
বিদ্যালয় ঃ সাধুপাড়া উচ্চবিদ্যালয়
বিদ্যালয় কোড ঃ ৮৪৩০
বিদ্যালয় ঠিকানা ঃ গ্রাম-সাধুপাড়া,
ডাকঘর ঃ হোগলা, থানা ঃ পূর্বধলা,
জেলা ঃ নেত্রকোনা।